সংবাদ

তারিখ ... 6 AUG 2017 ...
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ৭ ...

মৃত্যুশয্যায় শায়িত শিক্ষক

# অবসর ভাতা না পেয়ে মানবেতর জীবনে শিক্ষক

আব্দুল আজিজ, সরিষাবাড়ী (জামালপুর)

আমার জীবনের শেষ সময়ে এককালীন অবসরের ও কল্যাণের টাকা পেলাম না। আর মনে হয় বাঁচবো না। আমার পরিবার কোথায় দাঁড়াবে। বিছানায় শুয়ে শুয়ে মৃত্যুর পথযাত্রী সরিষাবাড়ী উপজেলার কাবারিয়াবাড়ী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মৌলভী, (অবসর) মো. আফসার উদ্দিন বলছিলেন। তাঁর জন্ম তারিখ ০১/০৩/১৯৫৬ ইং। তিনি ০১/০৬/১৯৭৩ চাকরিতে যোগদান করেন। পদের নাম সহকারী শিক্ষক মৌলভী। তাঁর ইনডেক্স নং ১৪৮৮৫৩। বিদ্যালয়ের কোড নং ৩৭০৬০১১৩০৩

গ্রাম +ডাকঘর- কাবারিয়াবাড়ী, উপজেলা- সরিষাবাড়ী, জেলা- জামালপুর। তার মোট চাকরিকাল ৪২ বছর ৮ মাস। অবসর গ্রহণের তারিখ ২৮/০২/২০১৬ ইং। তিনি চলাফেরা করতে পারেন না। বর্তমানে তিনি মৃত্যু শয্যায় শায়িত। তাঁর উন্নত চিকিৎসার জন্য দেশের বাইরে নেয়া জরুরী। আর্থিক সঙ্গতি না থাকায় চিকিৎসার ব্যয়ভার বহন করা অসম্ভব হয়ে পড়েছে। তাঁর ৫ ছেলে ও ২ মেয়ে। স্ত্রী নুরুন্নাহার বলছিলেন, 'আমাদের পরিবারের আর্থিক অবস্থা ভালো না। তিনিও এখন মৃত্যু শয্যায় শায়িত, আমি ছেলেমেয়েদের নিয়ে কোথায় যাব? প্রায় ১ বছর ৬ মাস হয় অবসর গ্রহণ করেছেন। এ পর্যন্ত কোন টাকা-পয়সা পাইনি। ছেলে-মেয়েদের লেখাপড়া ও সংসারের খরচ চালাতে হিমশিম খেতে হচ্ছে। ধার-দেনা করে এখন আর সংসার চালাতে পারছি না। তিনি কান্নাজড়িত কণ্ঠে দুঃখ করে আরও বলছিলেন, সারা জীবন নিষ্ঠা, সততা ও আদর্শের সঙ্গে শিক্ষকতা করে মৃত্যুর আগে তিনি তার পাওনা টাকা কবে নাগাদ পাবেন কেউ বলতে পারছেন না। আমরা এখন কি করব? কোথায় যাব?' এ ব্যাপারে কাবারিয়াবাড়ী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, মোঃ আলাউদ্দিন বি,এস,সি,বি,এড , এম, এ(শিক্ষা)জানান,তাঁর এককালীন অবসরের কেইসটি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক, কর্মচারী কল্যান ট্রাষ্ট ও অবসর সুবিধা বোর্ড,:১ নং সোনার গাঁ রোড, ব্যান বেইস, ভবন, (পলাশী-নীলক্ষেত), ঢাকা, ১২০৫..অফিসে আছে। তিনি আরও জানান গত. ২২/১২/২০১৬...ইং তারিখে জমা দেয়া হয়েছে। রিসিভ নং .১০৮১১৫। বিষয়টি অত্যান্ত মানবিক ও জরুরী বিবেচনা করে যত দ্রুত সম্ভব নিস্পত্তি করার জন্য সংশ্লিষ্ট বিভাগ/ অধিদপ্তর / দপ্তরের প্রতি এলাকাবাসির একান্ত কাম্য ।



শিক্ষক মো. আফসার উদ্দিন -সংবাদ

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ ডি.এল.পি বিভাগ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর